



ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ

ফোনঃ ০৪৫১-৬২৬০৫ (Office),

ফ্যাক্সঃ ০৪৫১-৬২৬১৫, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com



স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২১. ৫০৭

তারিখঃ ১১ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি' ২০২১ খ্রিঃ

বিষয়ঃ সাদা কন্টিনিয়াস পেপার সরবরাহের নিমিত্তে রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসংগে।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বর্ণনা, স্পেসিফিকেশন ও শর্ত অনুযায়ী সাদা কন্টিনিয়াস পেপার সরবরাহের জন্য প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র নং	মালামালের বিবরণ	পরিমাণ (শীট)	উদ্ধৃত দর	
			একক দর (টাকা)	মোট দর (টাকা)
G-20-21-48-48-001	সাদা কন্টিনিয়াস পেপারঃ ৯.৫ ইঞ্চি x ১১ ইঞ্চি সাদা কন্টিনিয়াস পেপার (৭০ GSM) মাঝখানে পারকুরেশন, ডানে ও বামে ট্রাকটরের ছিদ্র সমূহ একটি ফরমেটে তৈরী এবং ছিদ্র সমূহ ষ্টার পাঞ্চ হবে। ছিদ্র সমূহে কোন প্রকার ডাষ্ট থাকবে না (প্রতি প্যাকেট ১০০০ শীট) (নমুনা মোতাবেক)	৩,৩০,০০০ (তিন লক্ষ ত্রিশ হাজার)		
		সর্বমোট=		

কথায়ঃ

- ০১) দরপত্র সমূহ আগামী ০২/০২/২০২১ খ্রিঃ তারিখ (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্য: প: (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ০২/০২/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১২:৩০ ঘটিকার সময় উল্লিখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২) দরপত্রের বিপরীতে দরদাতা প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেডপ্যাডে মুখবন্ধ খামে দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র, ব্যাংক সলভেন্সি সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ (BIN) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩) খামের উপর "সাদা কন্টিনিয়াস পেপার সরবরাহের কোটেশন" শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।
- ০৪) দরপত্রের উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং/ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্র সঠিকভাবে পূরন করত: প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ০৫) মালামাল অবশ্যই নির্ধারিত মানের নমুনা অনুযায়ী সরবরাহ করতে হবে। মালামালের সঠিক নমুনা/বিবরণ সমিতি কর্তৃপক্ষের নিকট হতে জেনে/দেখে দর উদ্ধৃত করতে হবে।
- ০৬) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মালামাল সরবরাহের পর সমিতির প্রতিনিধি কর্তৃক পরিদর্শন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।
- ০৭) মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী সর্বশেষ নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

চলমান পাতা-০২


- ০৮) কার্যাদেশ প্রাপ্তির ২০ (বিশ) দিনের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মালামাল সমূহ নিজ দায়িত্বে ও নিজ খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে।
- ০৯) যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।
- ১০) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন আগে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।
- ১১) ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতীত কে যেকোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১২) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কতৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৩) আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি ঝিনাইদহ পবিসের ওয়েব সাইটে pbs.jhenaidah.gov.bd দেখতে পারবেন।

স্বাঃ/-
(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমসূত্রে নয়)।

- ০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, যশোর জোন, যশোর।
- ০৩) জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ০৪) পুলিশ সুপার, ঝিনাইদহ।
- ০৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬) মেয়র, পৌরসভা কার্যালয়, ঝিনাইদহ।
- ০৭) নির্বাহী প্রকৌশলী(এসওডি), বাপবিবো, ঝিনাইদহ।
- ০৮) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, ঝিনাইদহ।
- ০৯) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ।
- ১০) ডিজিএম, শৈলকুপা/মহেশপুর/ কালীগঞ্জ/ সদর-কারিগরি, ঝিনাইদহ পবিস।
- ১১) এজিএম (ওএন্ডএম), হরিণাকুন্ডু /কোটচাঁদপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
- ১২) এজিএম(অর্থ), ঝিনাইদহ পবিস।
- ১৩) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি)/জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), ঝিনাইদহ পবিস-বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
- ১৪) মেসার্স-----।
- ১৫) নোটিশ বোর্ড, ঝিনাইদহ পবিস।
- ১৬) অফিস কপি/ মাস্টার কপি।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা
গ্রহণের অনুরোধসহ।


(মোঃ ইছাহাক আলী)
জেনারেল ম্যানেজার